

# মধ্যরাতে জাবি উপাচার্যের বাসভবনের সামনে ছাত্রীদের বিক্ষেপ

নিজস্ব প্রতিবেদক

২৮ জানুয়ারি ২০২৩ ০৯:১২

এএম | আপডেট: ২৮

জানুয়ারি ২০২৩ ১১:৩৯

এএম

2  
Shares



ছবি: সংগৃহীত

advertisement

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) নবনির্মিত হলে আসন বরাদ্দের দাবিতে উপাচার্যের বাসভবনের সামনে বিক্ষেপ করেছেন ছাত্রীরা। গতকাল শুক্রবার রাত দেড়টার দিকে বিশ্ববিদ্যালয়ের ফজিলাতুন্নেছা হলের ছাত্রীরা বিক্ষেপ করেন। এ সময় তারা চারটি দাবি তুলে ধরেন।

দাবিগুলো হলো— নতুন হলের নামকরণ ফজিলাতুন্নেছা করতে হবে; লটারির মাধ্যমে শিক্ষার্থীদের কক্ষ বরাদ্দ দিতে হবে; সবার আগে ফজিলাতুন্নেছা হলের শিক্ষার্থীদের নতুন হলে আসন দিতে হবে; হলে কক্ষ বরাদ্দের ক্ষেত্রে কোনো পলিটিক্যাল ব্লক করা যাবে না।

advertisement

আন্দোলনকারী শিক্ষার্থীরা জানান, ২৮ জানুয়ারি সকালে হল স্থানান্তরের কথা ছিল। কিন্তু হল স্থানান্তরের নোটিশ পরিবর্তন করা হয়েছে। একই সঙ্গে শিক্ষার্থীদের তালিকা নতুন হলের প্রভোস্টের কাছে না পৌঁছানোয় কক্ষ বর্ণন হয়নি। এর সমাধানের জন্য তারা উপাচার্যের বাসভবনের সামনে অবস্থান নেন।

advertisement 4

বিষয়ে ফজিলাতুন্নেছা হলের প্রাধ্যক্ষ অধ্যাপক এটিএম আতিকুর রহমান বলেন, 'শিক্ষার্থীদের আগামীকাল হল শিফট করার কথা। নতুন হলের প্রাধ্যক্ষ লটারির মাধ্যমে ঠিক করবেন শিক্ষার্থীরা কে কোন কক্ষে যাবে। যাদের নাম তালিকায় এসেছে তাদের সবাইকে স্থানান্তর করা হবে। এই আন্দোলন অমূলক।'

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর আ স ম ফিরোজ-উল-হাসান বলেন, 'যেহেতু মধ্যরাতে শিক্ষার্থীরা উপাচার্যের বাসার সামনে এসেছে, তাই আমরা তাদের সঙ্গে কথা বলেছি। বিষয়টি সমাধানের আশ্চাস দেওয়া হয়েছে।'